# জি-এন্টিহিস্টামিন® টেবলেট ও সিরাপ
(ক্লোরফেনামিন মেলিয়েট বিপি)

**বিবরণ :**
জি-এন্টিহিস্টামিন অ্যালকাইল্যামিন গ্রুপের একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন হিস্টামিন এইচ-গ্রাহক এন্টাগোনিষ্ট। ক্লোরফেনামিন মেলিয়েট হলো ৩-(৪ ক্লোর-ফিনাইল) ৩-(২ পিরিডাইল) প্রোপাইল এন-এন-ডাইমিথাইল এমোনিয়াম হাইড্রোজেন মেলিয়েট এর জেনেরিক নাম।

**উপাদান :**
জি-এন্টিহিস্টামিন টেবলেট : প্রতি টেবলেটে রয়েছে – ৪ মিলিগ্রাম ক্লোরফেনামিন মেলিয়েট বিপি
জি-এন্টিহিস্টামিন সিরাপ : প্রতি চা-চামচ (৫ মিলি) সিরাপে রয়েছে – ২ মিলিগ্রাম ক্লোরফেনামিন মেলিয়েট বিপি

**কার্যকারিতা :**
ক্লোরফেনামিন মেলিয়েট প্রতিযোগিতামূলকভাবে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে এইচ-গ্রাহককে অবরোধ করে হিস্টামিনের কার্যক্ষমতার লাঘব বা বন্ধ করে। সর্বপ্রকার এলার্জি ও অনুরূপ প্রতিক্রিয়ার লক্ষণগুলোর (যেমন শ্লেমনালিকার বা পাকান্ত্রিক পথের মসৃণ পেশীর সংকোচন বন্ধ করা) উপশম ঘটায়। এইচ-গ্রাহকে ইহার কার্যকারিতা তুলনামূলকভাবে দীর্ঘস্থায়ী। জি-এন্টিহিস্টামিন কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রকে নিস্তেজ বা উপদমিত করে থাকে এবং বমনরোধক ক্রিয়াও প্রদর্শন করে। এছাড়া জি-এন্টিহিস্টামিন প্রতিকোলিনার্জীয় (এন্টিকোলিনার্জিক) প্রতিসেরোটোনিনার্জীয় (এন্টিসেরোটোনিনার্জীক) এবং উল্লেখযোগ্য স্থানীয় অবেদনিক (লোকাল এনেস্থেটিক) ক্রিয়া রয়েছে।

**সাবধানবাণী :**
অন্যান্য এন্টিহিস্টামিনের মত জি-এন্টিহিস্টামিন গ্রহণেও তন্দ্রানুভাব হতে পারে এবং সেই সাথে মানসিক সচেতনতা অনেকাংশে কমে আসে। তাই এ ওষুধ ব্যবহারকালীন সময়ে গাড়ী, অন্যান্য যানবাহন বা বিপদজনক মেশিন চালানোর ফলে মারাত্মক দুর্ঘটনা ঘটতে পারে। এছাড়া এ ওষুধ ব্যবহারকালীন সময়ে এলকোহল বা স্নায়ুতন্ত্রকে অবদমিত করে এমন ওষুধ গ্রহণ থেকেও বিরত থাকতে হবে।

**ব্যবহার নির্দেশ :**
শরীরের মধ্যে হিস্টামিন এবং হিস্টামিন সদৃশ রাসায়নিকের নিঃসরণ দ্বারা প্রভাবিত বিভিন্ন এলার্জিক প্রতিক্রিয়ার উপশমে অত্যন্ত কার্যকরী।

**যেমন :**
... হে ফিভার
... নাকের প্রদাহ ও নাকে, চোখে পানি ঝরা
... ত্বকে ফুসকুড়ি, ফুলে উঠা, চুলকানি বা ত্বক পীড়ন (আর্টিকারিয়া, কন্ট্যাক্ট ডারমাটাইটিস), এলার্জিজনিত কারণে চোখ লাল হওয়া (এলার্জিক কনজানকটিভাইটিস), রোগীকে শান্ত করার জন্য জি-এন্টিহিস্টামিন সাফল্যের সাথে ব্যবহার করা যেতে পারে। ভ্রমণজনিত বমি (ট্রাভেল সিকনেস) বন্ধ করার জন্যও কার্যকরী।

**ব্যবহার বিধি ও মাত্রা :**
জি-এন্টিহিস্টামিন টেবলেট : ১টি টেবলেট ৬-৮ ঘণ্টা অন্তর অন্তর বা চিকিৎসকের নির্দেশ অনুযায়ী।
জি-এন্টিহিস্টামিন সিরাপ : ১ বৎসর বয়স পর্যন্ত, ১/২ চা-চামচ ১২ ঘণ্টা অন্তর অন্তর। ৬ বৎসর পর্যন্ত, ১/২ থেকে ১ চা-চামচ ৮ ঘণ্টা অন্তর অন্তর। পূর্ণ বয়স্কদের জন্য, ২ চা-চামচ ৬-৮ ঘণ্টা অন্তর অন্তর বা চিকিৎসকের নির্দেশ অনুযায়ী।

**বিরূপ প্রতিক্রিয়া :**
ক্লোরফেনামিন গ্রহণে তেমন কোন মারাত্মক বিরূপ প্রতিক্রিয়া সাধারণতঃ পরিলক্ষিত হয় না; তবুও এ ধরনের এইচ-গ্রাহক এন্টাগোনিষ্টদের কিছু কিছু বিরূপ প্রতিক্রিয়া বা পার্শ্বপ্রতিক্রিয়া রয়েছে যেমন : মাথাঘোরা, বমি বমি ভাব, ক্লান্তি, তন্দ্রা ভাব, কোষ্ঠকাঠিন্য, ডায়রিয়া, খিচুনী, মাথাব্যথা, দুর্বলতা, বুক দুর দুর করা, অতিরিক্ত ঘামা, দুঃশ্চিন্তা, গলা মুখ শুকিয়ে যাওয়া, নিম্ন রক্তচাপ, স্নায়ুতন্ত্রের উত্তেজনা ইত্যাদি উপসর্গগুলো দেখা দিতে পারে। ক্লোরফেনামিন গ্রহণের ফলে শ্বেতকণিকার স্বল্পতা (লিউকোপেনিয়া) ও কদাচিৎ এগ্রেনুলোসাইটোসিস এবং অন্যান্য ফেনোথায়াজিন ডেরিভেটিভ-এর মত পান্ডুরোগ (জন্ডিস) ও বহিঃ পিরামিডীয় প্রতিক্রিয়া (এক্সট্রা পিরামিডাল রিয়েকশন) হতে পারে।

**ব্যবহার নিষিদ্ধ :**
ক্লোরফেনামিনে যারা অতি সংবেদনশীল তাদের জন্য জি-এন্টিহিস্টামিন নিষিদ্ধ।

**সতর্কতা :**
জি-ক্লোরফেনামিন কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র নিস্তেজকারী ওষুধ যেমন : বারবিচুরেট, নিদ্রাকার, মাদকজাতীয় বেদনানাশক, প্রশান্তিদায়ক (ট্র্যাংকুইলাইজার, সিডেটিভ), এলকোহল ইত্যাদির ক্রিয়াকে বর্ধিত করে; এজন্য সতর্কতা অপরিহার্য। যকৃতের পীড়া সম্বলিত রোগীদের ক্ষেত্রে অন্যান্য ফেনোথায়াজিন ডেরিভেটিভের মত জি-এন্টিহিস্টামিন ব্যবহারেও সতর্কতা গ্রহণ করা উচিত।

**সংরক্ষণ :**
ওষুধ আলোকবিহীন শুষ্ক ও ঠাণ্ডা জায়গায়, শিশু ও অপ্রাপ্ত বয়স্কদের নাগালের বাইরে রাখুন।

**প্যাকিং :**

| | | |
|---|---|---|
| জি-এন্টিহিস্টামিন টেবলেট | : | ১০ X ১০ এর ব্লিস্টার প্যাক। |
| | : | ১০০০ টেবলেটের কৌটা। |
| জি-এন্টিহিস্টামিন সিরাপ | : | ১০০ মিলি বোতল। |
| | : | ৬০ মিলি বোতল। |

দেশের স্বাস্থ্যের জন্যে

CERTIFIED ISO 9001 2015 COMPANY

বিশ্ব স্বাস্থ্য সংস্থার অত্যাবশ্যকীয় ওষুধ তালিকা এর অন্তর্ভুক্ত

**প্রস্তুতকারক :**
**গণস্বাস্থ্য ফার্মাসিউটিকেলস্ লিঃ**
মির্জানগর ভায়া সাভার ক্যান্টঃ, সাভার, ঢাকা-১৩৪৪, বাংলাদেশ